রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

অনলাইনে রেজিস্ট্রেশনের
জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**

বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট,
উপশহর, রাজশাহী
www.cevrajshahi.gov.bd

বাহক মারফত/জিইপি/
ই-মেইল যোগে

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নথি নং-২/রাজ.কমি./জনপ্রশা:/৩৯/নিয়োগ/২০১৫/ ১৫৪৭** **তারিখ: ০৮/০৫/২০২৪ খ্রিঃ।**

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শুল্ক-১ শাখা ঢাকার স্মারক নং- ০৮.০০.০০০০.০৩৮.১১.০১৩.২৩.৩৯৬, তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রিঃ অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর ১১৩ (একশত তের) টি শূন্য পদের বিপরীতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলা সমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে Online এ (http:/rajshahivat.teletalk.com.bd ওয়েবসাইট এ) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | পদের সংখ্যা | নিয়োগ বিধি অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০২ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০১ টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৩ | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ১৩ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৪ | ক্যাশিয়ার<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৪ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী (বাণিজ্য বিভাগ অগ্রাধিকার)। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৫ | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা: এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৭ | গাড়ি চালক (ড্রাইভার)<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১৫ টি | (ক) ৮ম শ্রেণী পাস;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৮ | সিপাই<br>৯০০০-২১৮০০/-<br>(গ্রেড-১৭) | ৬২ টি | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট;<br>(খ) শারীরিক যোগ্যতাঃ<br>উচ্চতা- পুরুষ- ৫'-৪"<br>মহিলা- ৫'-২"<br>বুকের মাপ ৩০"- ৩২" (উভয় ক্ষেত্রে)। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৯ | ফটোকপি অপারেটর<br>৮৮০০-২১৩১০/-<br>(গ্রেড-১৮) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ১০ | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০৯ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ১১ | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী)<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ০১ টি | (ক) অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রাজশাহী বিভাগের সকল জেলা |

আবেদন করার নিয়মাবলি/শর্তাবলিঃ

১।

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ৩০ বছর | যে সকল প্রার্থীর বয়স ০৯.০৫.২০২৪ খ্রিঃ তারিখে ৩০ বছর সময়সীমার মধ্যে থাকবে, তারা আবেদনের যোগ্য বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। এছাড়া ছকে উল্লিখিত ক্রমিক নং- ১, ২, ৩, ৬, ৯ ও ১০ নং পদের বিপরীতে বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

২। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত পদ্ধতিতে http:/rajshahivat.teletalk.com.bdএ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময় সীমা নিম্নরূপঃ

**Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৩.০৫.২০২৪ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ০২.০৬.২০২৪ খ্রিস্টাব্দ, বিকাল ০৫.০০ ঘটিকা।** উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্তঃ

**ছবি (Photo) আপলোডঃ** Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য প্রস্থ) ৩০০×৩০০ pixel এর কম বা বেশি নয় (File Size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক ০৩ (তিন) মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।

**স্বাক্ষর (Signature) আপলোডঃ** Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য প্রস্থ) ৩০০×৮০ pixel এর কম বা বেশি নয় (File Size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। Home Page এর (Photo & Signature Validator) Menu -তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমের ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এ কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৭ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ২০০/- (দুইশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশা) টাকা এবং ৮-১১ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/-(একশতশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"**

SMS এর নিয়মাবলীঃ

**প্রথম SMSঃ** RAJSHAHIVAT<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example ঃ RAJSHAHIVAT ABCDEF.

Reply: Applicant's Name, Tk-112/223 will e charged as application fee. Your PIN is 12345678, To pay fee type RAJSHAHIVAT<space>Yes<space>PIN and send 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS ঃ** RAJSHAHIVAT<space>Yes<space>PIN and send করতে হবে 16222 নম্বরে।

Reply: Congratulation Applicant's Name. Payment Completed Successfully for RAJSHAHIVAT Application for (post Name) User ID (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) দ্বিতীয় sms টি পাঠানোর পর ফিরতি sms এ Password পাবেন। sms এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যত প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/rajshahivat.teletalk.com.bdএর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। একই প্রবেশপত্র দিয়ে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, sms পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) sms এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত sms পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RAJSHAHIVAT<space>HELP<space>USER<space>User ID & send to 16222.
Example: RAJSHAHIVAT HELP USER ABCDEF

(ii) Pin Number জানা থাকলে RAJSHAHIVAT <space>HELP<space>PIN<space>PIN Number & send to 16222.
Example: RAJSHAHIVAT HELP PIN 12345678

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা cevraj93@yahoo.com বা alljobs.query@teletalk.com.bd এ মেইল করা যেতে পারে। (Mail এর Subject এ Organization Name: RAJSHAHIVAT, Post Name:*******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(V) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.cevrajshahi.gov.bd ওয়েবসাইটে এবং বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https//alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত ছায়ালিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয়/জন্ম সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(চ) Online এ পূরণকৃত আবেদনপত্রের ফটোকপি (Applicant's Copy ও Admit Card)।

(ছ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্রসহ আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত-কন্যার পুত্র-কন্যা, এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

(জ) গাড়ীচালক (ড্রাইভার) পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫। **কোন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।**

৬। সকল পদের জন্য লিখিত (বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞান), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

৭। সরকারি নীতি অনুযায়ী কোটা সংক্রান্ত সকল বিধি-বিধান প্রতিপালন করা হবে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের হ্রাস/বৃদ্ধি হতে পারে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

১০। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তী দৈনিক পত্রিকা ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। বিজ্ঞপ্তিটি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর ওয়েবসাইটে (www.cevrajshahi.gov.bd) তে পাওয়া যাবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১৭। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোহাম্মদ মাহবুব হাসান)
যুগ্ম কমিশনার
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
সভাপতি বিভাগীয় নির্বাচন কমিটির পক্ষে
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১১০৮
E-mail ঃ cevraj93@yahoo.com

GD- 748